

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭৯২

আগরতলা, ১৩ নভেম্বর, ২০২৪

**এমবিবি বিমানবন্দরে ভূমিকম্প মোকাবিলায় আগামীকাল মহড়া**

আগরতলা মহারাজা বীর বিক্রম বিমানবন্দরের পুরাতন ভবন এলাকায় আগামীকাল প্রাকৃতিক দুর্যোগ (ভূমিকম্প) মোকাবিলায় এক মহড়া অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আজ বিমানবন্দরের পুরাতন ভবনের কনফারেন্স হলে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। পশ্চিম ত্রিপুরা জেলা ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির চেয়ারম্যান তথা পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক ও সমাহর্তা বিশাল কুমারের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির মেজর জেনারেল অজয় কুমার ভার্মা, আগরতলা মহারাজা বীর বিক্রম বিমানবন্দরের অধিকর্তা কৈলাশ চন্দ্র মিনা, সিডিআরআই'র এডভাইজার (ট্রান্সপোর্ট সেক্টর) কিরণ গৌড়া কে এস, রাজ্য ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির প্রজেক্ট অফিসার শরৎ কুমার দাস প্রমুখ। এছাড়া এনডিআরএফ, পুলিশ, টিএসআর, আসাম রাইফেলস, বিএসএফ, সিআইএসএফ, ফায়ার সার্ভিস সহ বিভিন্ন সরকারি দপ্তরের আধিকারিকগণ সভায় উপস্থিত ছিলেন।

সভায় ন্যাশনাল ডিজাস্টার ম্যানেজমেন্ট অথরিটির মেজর, জেনারেল অজয় কুমার ভার্মা প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় বিশেষ করে ভূমিকম্প এলে কি কি করণীয় অথবা ভূমিকম্প আসার পূর্বেই কি কি সতর্কতামূলক ব্যবস্থা নেওয়া যায় সে বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। তিনি সকলকে রাজ্যের সর্বত্র ভূমিকম্পের মতো প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলার বিষয়ে সচেতনতামূলক আলোচনা সভার আয়োজন করার পরামর্শ দেন। আগরতলা বিমানবন্দরের অধিকর্তা কে সি মিনাও এবিষয়ে সভায় আলোচনা করেন। এডভাইজার (ট্রান্সপোর্ট সেক্টর) সিডিআরআই কিরণ গৌড়া কে এস বিমানবন্দরের ভূমিকম্প নিরোধক পরিকাঠামো নির্মাণের বিষয়ে আলোচনা করেন। এনডিআরএফ-এর পক্ষ থেকে পুরাতন বিমানবন্দর ভবনে দুর্যোগ মোকাবিলার বিভিন্ন যন্ত্রাংশের প্রদর্শনীর আয়োজন করা হয়।

\*\*\*\*\*